# আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা শিক্ষকদের

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ২২:২২, ১৪ জুলাই ২০২৪




শিক্ষকদের কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি

সার্বজনীন পেনশনের প্রত্যয় স্কিম বাতিলসহ তিন দফা দাবি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা।

UNIBOTS

Advertisement: 0:08

রবিবার (১৪ জুলাই) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি অধ্যাপক ড. মো. আখতারুল ইসলাম এবং মহাসচিব অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূঁইয়া স্বাক্ষরিত বিবৃতিতে এই তথ্য জানানো হয়েছে।

ফেডারেশনের মহাসচিব অধ্যাপক ড. নিজামুল হক ভূঁইয়া বলেন, 'ফেডারেশনের বৈঠকে আমাদের তিনটি দাবি জোরালোভাবে পুনর্ব্যক্ত করেছেন শিক্ষক নেতারা। দাবি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত সর্বাত্মক কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি চলমান থাকবে। আশা করছি, শিক্ষক নেতাদের সঙ্গে বসে দ্রুত আলোচনার মাধ্যমে দাবিগুলো বাস্তবায়নে পদক্ষেপ নেবে সরকার।'

এদিকে বিবৃতিতে শিক্ষক নেতারা বলেন, সরকারের পক্ষ থেকে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের শিক্ষকদের আলোচনার আমন্ত্রণ জানান। ফেডারেশনের নেতারা, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ১৩ জনের প্রতিনিধিদলের সঙ্গে শনিবার (১৩ জুলাই) এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে শিক্ষকদের বিভিন্ন দাবি নিয়ে খোলামেলা আলোচনা হয়।

ওই আলোচনার পরিপ্রেক্ষিতে রোববার অনলাইন প্ল্যাটফর্মে ফেডারেশনের সঙ্গে সব পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির প্রতিনিধিদের জরুরি সভা অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষক নেতারা গতকালের আলোচনার বিষয়বস্তু উপস্থাপন করেন। কিন্তু তিনদফা দাবি পূরণে এখনো সুস্পষ্ট কোনো ঘোষণা না আসায় চলমান কর্মসূচি অব্যাহত রাখার পক্ষে মতামত দেন। পাশাপাশি সরকারের সঙ্গে আলোচনা অব্যাহত রাখার ব্যাপারে ফেডারেশনের নেতাদের সুপারিশ করেন।

UNIBOTS

Advertisement: 0:08

প্রত্যয় স্কিম থেকে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের অন্তর্ভুক্তি প্রত্যাহার করে অতিদ্রুত প্রজ্ঞাপন জারি, বিশ্ববিদ্যালয় শিক্ষকদের জন্য উচ্চতর স্বতন্ত্র বেতন কাঠামো প্রদানের লক্ষ্যে কমিশন গঠনের প্রজ্ঞাপন জারি ও ২০১৫ সালে প্রতিশ্রুত বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সুপার গ্রেডে অন্তর্ভুক্তিকরণের প্রক্রিয়া দ্রুত বাস্তবায়ন; বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সুস্পষ্ট এ তিনটি দাবি জোরালোভাবে পুনর্ব্যক্ত করা হলো। দাবি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত সর্বাত্মক কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি চলমান থাকবে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন দ্রুততম সময়ের মধ্যে আলোচনার মাধ্যমে উল্লিখিত দাবিসমূহ বাস্তবায়নের জন্য সরকারকে অনুরোধ জানাচ্ছে।

UNIBOTS

Advertisement: 0:08